

# দিনাজপুর বোর্ডে গণিতে ফেল ১৯ হাজার

সংবাদ : চিত্ত ঘোষ, দিনাজপুর  
| ঢাকা, মঙ্গলবার, ০৮ মে ২০১৮

দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় পাশের হার কমেছে। এবার পাশের হার ৭৭ দশমিক ৬২ শতাংশ। যা গত বছরে ছিল ৮৩ দশমিক ৯৮ শতাংশ। তবে জিপিএ-৫ সংখ্যা বেড়েছে। জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৭শ'৫৫ জন। যা গত বছরে ছিলো ৬ হাজার ৯শ'২৯। দিনাজপুর শিক্ষা বোর্ড কর্মকর্তারা জানান, ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় এই বোর্ড থেকে মোট ১ লাখ ৮৭ হাজার ৬শ'৩৮ জন পরীক্ষার্থী অংশ গ্রহন করে। এর মধ্যে পাশ করেছে ১ লাখ ৪৪ হাজার ৮শ'৭৩ জন। জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৭শ'৫৫ জন। গত বছরের মত এবারও পাশের হারে ছাত্রীরা এগিয়ে রয়েছে। ছাত্রীর পাশের হার ৭৯ দশমিক ৫৪ শতাংশ এবং ছাত্রের পাশের হার ৭৫



দিনাজপুর : আনন্দে মাতোয়ারা সেন্ট ফিলিপস্ স্কুলের শিক্ষার্থীরা -সংবাদ

দশমিক ৮১ শতাংশ। তবে জিপিএ-৫ প্রাপ্তিতে ছাত্রীর চেয়ে ছাত্ররা সামান্য এগিয়ে। জিপিএ-৫ ছাত্রের সংখ্যা ৫ হাজার ৬শ'৮০ জন আর ছাত্রীর সংখ্যা ৫ হাজার ৭৫ জন। এবারের সুব বোর্ডের ফলাফলের বিবেচনায় এই বোর্ডের এবারের ফল বিপর্যয় নয় দাবী করে দিনাজপুর শিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানান, এবার অভিন্ন প্রশ্নে পরীক্ষার কারনে মান সম্পন্ন ফল হয়েছে। এছাড়া প্রশিক্ষিত শিক্ষকের অভাবে গণিতে অকৃতকার্য হয়েছে ১৯ হাজার পরীক্ষার্থী বলে তারা জানান।